



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নং- ১১৫৫-৬/৩

তারিখ: ০৬/০৫/২০২৫

আদেশ

যেহেতু, জনাব মোঃ আরিফুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী এর বিরুদ্ধে মাদকদ্রব্য নিজ হেফাজতে রাখার অপরাধে ঈশ্বরদী থানার মামলা নং- ৫৮, তারিখ: ২৭.০৩.২০২৪ মূলে বিগত ২৭.০৩.২০২৪ তারিখ তাকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করার পরিপ্রেক্ষিতে সমবায় অধিদপ্তরের আদেশ নং-৫৩৮-এ/৩, তারিখ: ১২.০৫.২০২৪ মূলে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা মোতাবেক বর্ণিত কর্মচারীকে গ্রেফতারের তারিখ অর্থাৎ ২৭.০৩.২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়;

০২। যেহেতু, বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত নম্বর-২, পাবনা এর জি আর মামলা নং- ১৬০/২০২৪(ঈশ্বরদী) এর আদেশ নং ২০, তারিখ: ১৯.১২.২০২৪ অনুযায়ী আসামীগণকে অত্র মামলার দায় থেকে অব্যাহতি প্রদান করা হয়;

০৩। সেহেতু, জনাব মোঃ আরিফুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী-কে সমবায় অধিদপ্তরের আদেশ নং-৫৩৯-এ/৩, তারিখ: ১২.০৫.২০২৪ মূলে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহারপূর্বক স্থায় পদে চাকরিতে পুনর্বহাল করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তিনি বিধি মোতাবেক যাবতীয় আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/- মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক (অঃদাঃ)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৪৮১১৯৩০৫।
e-mail:reg.dg@coop.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৪.১৮.৪১১.১২.পি ১১৫৫/২(৭)-৬/৩

তারিখ: ০৬/০৫/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। জেলা সমবায় অফিসার, রাজশাহী।


৩। সহকারী প্রোগ্রামার, সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৪। উপজেলা একাউন্টস্ অফিসার, বাঘা, রাজশাহী।

৫। উপজেলা সমবায় অফিসার, বাঘা, রাজশাহী।

৪। জনাব মোঃ আরিফুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, বাঘা, রাজশাহী।

৬। সংশ্লিষ্ট নথি।


(মুহাম্মদ তানিম রহমান)
উপ নিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।